গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৮/১০২ তারিখ: ৯ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঃ / ২৩ মে, ২০১৮ খ্রিঃ

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪/২০১৮

**বিষয়: Inflector Thermal Barrier নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Cityscape International Limited এর ১৬/০১/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

Cityscape International Limited, Inflector Thermal Barrier নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Cityscape International Limited |
| আবেদনকারির ঠিকানা | Cityscape Tower, 53, Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212 |
| টেলিফোন নম্বর | +8802-9881867 |
| ই-মেইল | cityscape.share@gmail.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Thermal Barrier |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | সলিড, আন অ্যাসেম্বেলড |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | মার্কিন যুক্তরাষ্ট্র |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | নেই |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | এনার্জি একিশিয়েন্সি ডান রাইট (ইনফ্লেক্টর), ১০৮৫৪, লেক পাথ ড্রাইভ, সান এন্টানিও, টেক্সাস-৭৮২১৭। ই-মেইল: droberts43@sbcglobal.net |

২। আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

আমদানিকারক Cityscape International Limited কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে Inflector Thermal Barrier নামক পণ্যটি environmentally friendly product যা energy consumption কে substantially cut down করতে ব্যবহৃত হয়। এটা মূলত polyester/vinyl/polyester এর lamination.




Figure 1 : Image of Inflector Thermal Barrier

আবেদনের সাথে সংযুক্ত ক্যাটালগ অনুসারে উক্ত পণ্যের Chemical Composition নিম্নরুপ:

ছক-১

| Sl No. | Constituent Material | Weight % |
|---|---|---|
| 1 | Black Carbon Graphite | 89% |
| 2 | Clear Polyester | 6.5% |
| 3 | Metallized polyester | 3.5% |
| 4 | Heat seal adhesive coating | 1% |

৩। **রাসায়নিক পরীক্ষায় প্রাপ্ত ফলাফল অনুসারে পণ্যের বিবরণঃ**

Inflector Thermal Barrier নামক পণ্যের সঠিক শ্রেণিবিন্যাসের লক্ষ্যে গত ০৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আমদানিয় পণ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে প্রেরণ এবং প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে শ্রেণিবিন্যাসের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়ের সাথে আমদানিকারক একমত পোষণ করেন। এমতাবস্থায়, রাসায়নিক পরীক্ষা পরবর্তী ফলাফল জানানোর জন্য গত ০৮/০৩/২০১৮ খ্রিঃ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগে পণ্যের নমুনাসহ পত্র প্রেরণ করা হয়। গত ০৯/০৫/২০১৮ খ্রিঃ তারিখে রসায়ন বিভাগের ফলাফল জাতীয় রাজস্ব বোর্ডে গৃহীত হয়। প্রাপ্ত ফলাফলের সার-সংক্ষেপ নিম্নে তুলে ধরা হলোঃ

The supplied Inflector Thermal barrier is a laminar type structural composite. Periodically arranged carbon black is laminated between polyester/polyvinyl alcohol/polyester with heat seal adhesive coating in both layers. The compositions are:

ছক-২

| Sl No. | Constituent Material | Weight % |
|---|---|---|
| 1 | Black Carbon | <25% |
| 2 | Transparent Polyester | 30-42 |
| 3 | Aluminium metal | <2 |
| 4 | polyvinyl alcohol & Other adhesive coating | 32-43 |

৪। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহঃ**

**(ক) General Rules for the Interpretation of the Harmonized System (GIR) এর আলোকে পর্যালোচনাঃ**

কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes ও Chapter Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত Inflector Thermal Barrier এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, আমদানিকৃত পণ্যটি এক ধরনের Composite material এবং তাতে অনেক ধরণের constituent materials রয়েছে। Black carbon, aluminum metal ছাড়াও আরো যে দু'টি উপাদানের সমন্বয়ে উক্ত পণ্য গঠিত তার মধ্যে polyvinyl alcohol & other adhesive coating এবং transparent polyester এর নাম প্রণিধানযোগ্য। এক্ষেত্রে polyvinyl alcohol & other adhesive coating (32-43%) এর শতকরা পরিমাণ transparent polyester (30-42%) এর শতকরা পরিমানের চেয়ে মাত্র ১-২% বেশি। এক্ষেত্রে, polyvinyl alcohol & other adhesive coating মূলত adhesive হিসেবে কাজ করে বিধায় উক্ত পণ্যকে Polyester এর film হিসাবে বিবেচনা করা যায়।

GIR Rule 3(b) তে বলা হয়েছে, "Mixtures, composite goods consisting of different materials or made up of different components, and goods put up in sets for retail sale, which cannot be classified bt reference to 3(a), shall be classified as if they consisted of the material or component which gives them their essential character, in so far as this criterion is applicable." উক্ত Rule অনুসারে, polyester আমদানির পণ্যের essential character বহন করে বিধায় উক্ত পণ্যকে Polyester film হিসেবে বিবেচনায় নেয়া যায়।

**(খ) এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার আলোকে পর্যালোচনা:**

বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণত: কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে পরিচিত) এর চ্যাপ্টার ৩৯ এর হেডিং ৩৯২১ এর হেডিং নোট নিম্নরুপ:

"Other plates, sheets, film, foil and strip, of plastics.''

এছাড়া, Explanatory Notes (Volume-2) এ একই হেডিং ৩৯২১ এর ব্যাখ্যায় বলা আছে, (পৃষ্টা নং VII-3921-1)

"It therefore covers only cellular products or those which have been reinforced, laminated, supported or similarly combined with other materials."

অর্থাৎ, হেডিং ৩৯.২১ এ cellular অথবা reinforced, laminated, supported or similarly combined with other materials জাতীয় plastic এর তৈরী plates, sheets, film, foil এবং strip সমূহ শ্রেণিবিন্যাসিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ হতে প্রাপ্ত মতামত অনুসারে Inflector Thermal Barrier নামক পণ্যটি laminated polyester film. অর্থাৎ, তা হেডিং ৩৯২১ এর আওতায় শুল্কায়নযোগ্য।

**(গ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) এবং প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্যটির সঠিক এইচ.এস.কোডঃ**

বর্ণিত পণ্যের জন্য প্রযোজ্য এইচ. এস. কোড নির্ধারণের লক্ষ্যে WCO এর এইচ. এস. কোড শ্রেণিবিন্যাস নীতিমালার পাশাপাশি বাংলাদেশ কাস্টমস ট্যারিফ পর্যালোচনা করা হয়েছে। বিসিটি এর হেডিং ৩৯২১ এর আওতায় পণ্যগুলোকে দু'টো ক্যাটেগরীতে ভাগ করা হয়েছে, যা নিম্নরুপঃ

- Cellular
- Other

আমদানিকারক Cityscape International Limited কর্তৃক দাখিলকৃত ক্যাটালগ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ হতে প্রাপ্ত ফলাফল অনুসারে, আমদানিতব্য পণ্য non-cellular. অর্থাৎ তা other এর আওতায় শুল্কায়নযোগ্য। অপরদিকে, বিসিটি এর হেডিং ৩৯২১ এর সাব-হেডিং ৩৯২১.৯০ (other) এর আওতায় তিনটি ক্যাটেগরী নির্ধারণ করা হয়েছে, যা নিম্নরুপঃ

| | |
|---|---|
| 3921.90.10 --- | Vulcanized fibre sheet imported in pre punched, cut to size shape for the manufacture of silver cans; plastic film metalised yarn grade imported by VAT registered metalised tarn (flat or round) manufacture industry |
| 3921.90.20 --- | Multilayer extruded sheet for plastic laminated collapsible tube imported by VAT registered plastic tube manufacturing industries |
| 3921.90.90 --- | Other |

আমদানিতব্য পণ্য Vulcanized fibre sheet imported in pre punched বা Multilayer extruded sheet প্রকৃতির না হওয়ায় তা Other (3921.90.90) এর আওতায় শ্রেণিবিন্যাসযোগ্য। Other এর আওতায় তিনটি এইচ. এস. কোড রয়েছে, যা নিম্নরুপঃ

| | |
|---|---|
| 3921.90.91---- | In printed form |
| 3921.90.92---- | PVC coated magstrip imported by VAT registered SIM card or Smart card manufacturing industry |
| 3921.90.99---- | Other |

আমদানিতব্য পণ্যের নমুনা পর্যালোচনায় দেখা যায়, তা printed form এর নয়। তাছাড়া, এটি VAT registered SIM card or Smart card manufacturing industry কর্তৃক আমদানিকৃত নয়। অর্থাৎ সার্বিক দিক বিবেচনায়, উক্ত পণ্য এইচ.এস.কোড ৩৯২১.৯০.৯৯ এর আওতায় শুল্কায়নযোগ্য।

৫। **<u>অগ্রিম রুলিংঃ</u>**

Cityscape International Limited কর্তৃক আমদানিয় Inflector Thermal Barrier নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী এইচ.এস.কোড ৩৯২১.৯০.৯৯ তে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৬। **অগ্রিম রুলিং এর কার্যকারিতাঃ**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৭। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ**

(ক) Cityscape International Limited এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Cityscape International Limited রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/(২২/০৫/১৮)
(মোঃ ফিরোজ শাহ্ আলম)
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৮/১০২

তারিখঃ ৯ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঃ / ২৩ মে, ২০১৮ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। Managing Director, Cityscape International Limited, Cityscape Tower, 53, Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৮। অফিস কপি/ গার্ড নথি।

২৩/০৫/১৮

**(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)**
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইলঃ nbrclassification@gmail.com